



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৫০৭.২২.২৭৮

তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২২-২৩ মৌসুমে চুক্তিযোগ্য কিন্তু চুক্তি করেনি এমন মিলকে নোটিশ প্রদান।

সূত্র: প্রশাসন বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৩১.০৬.০০১.২২.৮৯৪(৪৫), তারিখ: ২২.১২.২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি আমন সংগ্রহ মৌসুম/২০২২-২৩ শুরুর পূর্বে খাদ্য অধিদপ্তরে প্রেরিত চুক্তিযোগ্য সিঙ্ক চালকল মালিকের সংখ্যা ১২৬৮০ জন। গত ১৫/১২/২০২২ খ্রি, তারিখ পর্যন্ত চালকল মালিকদের সাথে চুক্তি সম্পাদনের সময়সীমা নির্ধারিত ছিল। নির্ধারিত তারিখ পর্যন্ত ৭০৯৪ জন সিঙ্ক চালকল মালিকদের সাথে ৩,৭৫,০৫৬ মে.টেন চালের চুক্তি সম্পাদিত হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৭৫%। চুক্তি করেনি এমন মিলের সংখ্যা (১২৬৮০ – ৭০৯৪) = ৫৫৮৬টি। গত ১৮/১২/২০২২ খ্রি, তারিখে অনুষ্ঠিত খাদ্য অধিদপ্তরের মাসিক সমন্বয় সভায় চলতি আমন মৌসুমে যে সব মিলার বরাদ্দ অনুযায়ী চুক্তি করেননি; তাদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

এক্ষণে, খাদ্য অধিদপ্তরের অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক স্ব স্ব বিভাগের অন্তর্ভুক্ত জেলাসমূহে চলতি আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুমে চুক্তিযোগ্য যে সব মিলার বরাদ্দ অনুযায়ী চুক্তি সম্পাদন করেনি এমন মিলারকে এস.আর.ও. নং ১৮৬ আইন/২০২২, অত্যাবশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর অনুচ্ছেদ ৭(২) মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকদের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৯-১২-২০২২

মোঃ রায়হানুল করীর

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৫০৭.২২.২৭৮/১(১১৯)

তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৮) সিটেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রিকা খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ১০) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



২৯-১২-২০২২

মোঃ রায়হানুল করীর
পরিচালক